

দিনাজপুর বোর্ডে এসএসসিতে ১৩ বিদ্যালয়ের পাস করেনি কেউ

দিনাজপুর প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

দিনাজপুর শিক্ষা বোর্ডের অধিনে এসএসসি পরীক্ষায় প্রকাশিত ফলাফলে ১৩টি বিদ্যালয় থেকে কেউ পাস করেনি। এই চারটি বিদ্যালয়ে মোট পরীক্ষার্থী ৯৮ জন।

আজ বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে দিনাজপুর শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষার ফলাফলে পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মীর সাজ্জাদ আলীর পাঠানো পরিসংখ্যানে এ তথ্য নিশ্চিত হওয়া যায়।

শুধুন



মাদরাসা বোর্ডে কমেছে পাসের হার ও জিপিএ-৫

বিদ্যালয়গুলো হচ্ছে- রংপুর জেলার পীরগাছা উপজেলার রতনপুর উচ্চ বিদ্যালয়, পীরগঞ্জ উপজেলার ছোট উজিরপুর উচ্চবিদ্যালয়,

গাইবান্ধা জেলার সাঘাটা উপজেলার গরিদাহা উচ্চ বিদ্যালয়,
গোবিন্দগঞ্জ উপজেলার বিশ্বনাথপুর আদর্শ উচ্চ বিদ্যালয়,
নীলফামীর জেলার ডিমলা উপজেলার শেখ ফজিলাতুননেছা মুজিব
বালিকা উচ্চ বিদ্যালয়, কুড়িগ্রাম সদর উপজেলার পূর্ব কুমারপুর
উচ্চ বিদ্যালয়, নাগেশ্বরী উপজেলার পায়রাডাঙ্গা উচ্চ বিদ্যালয়,
পুলবাড়ী উপজেলার নাজার মামুদ উচ্চ বিদ্যালয়, লালমনিরহাট
সদর উপজেলার পশ্চিম বড়ুয়া রোটারী উচ্চ বিদ্যালয়, দিনাজপুর
জেলার বীরগঞ্জ উপজেলার সাত কামার উচ্চ নবিদ্যালয়,
ঠাকুরগাঁও জেলার সদর উপজেলার সানুয়া উচ্চ বিদ্যালয় ও
জগন্নাথপুর উচ্চ বিদ্যালয় এবং পঞ্চগড় জেলার বোদা উপজেলার
ডাবর ভাঙ্গা উচ্চ বিদ্যালয়।